সোনালী ব্যাংক পিএলসি.
বড় মসজিদ রোড শাখা, জামালপুর

মোবাইলঃ ০১৭১৩৭৫৮৫১৫

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০)এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিজ্ঞপ্তিঃ

ঋণগ্রহীতা জনাব মোহাম্মদ আলমগীর, পিতাঃ আলতাফ হোসেন, মাতাঃ সাজেদা বেগম, গ্রামঃ যোগীর ঘোপা, পোঃ: জামালপুর থানাঃ জামালপুর সদর, জেলাঃ জামালপুর। এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতার ঋণ হিসাবে ০৭/০৪/২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা =৮৩,৮৫,৪২৫/-(তিরাশি লক্ষ পঁচাশি হাজার চারশত পঁচিশ টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকুলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি(নির্মাণাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

জামালপুর সদর উপজেলাধীন, মৌজা-যোগীর ঘোপা, জেএল নং-৪৩, খতিয়ান নং সিএস ৬৩, আরওআর ২১, বিআরএস ৩৫, খারিজ-৬২৫, দাগ নং- সিএস ৪৮,আরওআর ৯৪, বিআরএস ৭৪। জমির পরিমাণ=০৭ ৩৩/১০০ শতাংশ। চৌহদ্দী- উত্তরেঃ রাস্তা; দক্ষিণেঃ রাস্তা; পুর্বেঃ জলিল; পশ্চিমেঃ খলিলুর রহমান।

সম্পত্তির মালিকের নাম ও ঠিকানা ঃ জনাব মোহাম্মদ আলমগীর, পিতাঃ- আলতাফ হোসেন, মাতাঃ-সাজেদা বেগম গ্রামঃ যোগীর ঘোপা, পোঃ: জামালপুর, থানাঃ জামালপুর সদর, জেলাঃ জামালপুর।

শর্তসমূহঃ ০৫/০৮/২৫

০১) আগামী ------------------ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, বড় মসজিদ রোড শাখা, জামালপুর কিংবা সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, জামালপুর এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হইবে। ঐ দিনই ৪.০১ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মুল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মুল্য উল্লেখ করিতে হইবে।

০৩)দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মুল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| আর্নেষ্ট মানি/জামানতের পরিমাণ | অবশিষ্ট মুল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মুল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মুল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পুর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলামে ক্রয় করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মুল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মুল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকুলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মুল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী যাবতীয় কর/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানর দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভুমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেখেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার